তারিখ ... 09 JUN 2016 ...
পৃষ্ঠা ...১৬ কলাম ... ৪ ......

দৈনিক
ইত্তেফাক

# ফরম পূরণে অতিরিক্ত ফি অধ্যক্ষের কক্ষে তালা

■ সুন্দরগঞ্জ (গাইবান্ধা) সংবাদদাতা

উপজেলায় ডিগ্রি পাস কোর্স প্রথম বর্ষের ফরম পূরণে অতিরিক্ত ফি নেওয়ার অভিযোগ উঠেছে।

সরকারিভাবে বোর্ড ফি ৮শ' টাকা, কেন্দ্র ফি ৩শ' টাকা, মোট ১১শ' টাকাসহ অন্যান্য ফি বাবদ ১৩শ' টাকা ধার্য করা হয়েছে। কিন্তু সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ প্রতি পরীক্ষার্থীর নিকট থেকে ২৩শ' থেকে ২৬শ' টাকা পর্যন্ত গ্রহণ করছে। কলেজগুলো হচ্ছে, বামনডাঙ্গা ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ ডি ডব্লিউ কলেজ, বেলকা ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ মহিলা ডিগ্রি কলেজ, ধর্মপুর আব্দুল জব্বার ডিগ্রি কলেজ, ধুবনী ডিগ্রি কলেজ। এদিকে মঙ্গলবার অতিরিক্ত ফি নেওয়ায় ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ মিছিল শেষে দুটি কলেজের অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দিয়েছে। এ ব্যাপারে অধ্যক্ষ দেলওয়ার হোসেন নূরীর সাথে কথা হলে তিনি জানান, 'অন্যান্য কলেজের ডিগ্রি পাস কোর্স প্রথম বর্ষ ফরম পূরণে ২৪শ' থেকে ২৫শ' টাকা নেওয়া হচ্ছে। তবে আমি ১৮শ' থেকে ২ হাজার টাকা নিচ্ছি। পরীক্ষার্থীরা টাকা দিয়ে ফরম পূরণের দাবি করে। এতে ব্যর্থ হয়ে তালা ঝুলিয়েছে।'